

QP Code : 18UT157FBG

স্নাতক পাঠ্যক্রম শিক্ষাবর্ষান্ত পরীক্ষা

ডিসেম্বর, ২০১৭ ও জুন, ২০১৮

ভিত্তিমূলক পাঠ্যক্রম বাংলা

( Foundation Course in Bengali ) : FBG

সময় : দুই ঘণ্টা

পূর্ণমান : ৫০

মানের গুরুত্ব : ৭০%

পরিমিত ও যথাযথ উত্তরের জন্য বিশেষ মূল্য দেওয়া হবে।

অশুদ্ধ বানান, অপরিচ্ছন্নতা এবং অপরিষ্কার হস্তাক্ষরের ক্ষেত্রে নম্বর

কেটে নেওয়া হবে। উপাস্তে প্রশ্নের মূল্যমান সূচিত আছে।

১। যে-কোনো দুটি প্রশ্নের অনধিক ২৫০ শব্দে উত্তর দিন :

১০ × ২ = ২০

(ক) ‘ভারততীর্থ’ কবিতায় ভারতবর্ষকে কেন ‘মহামানবের সাগরতীর’ বলা হয়েছে ?

(খ) ‘কিন্তু আমাদের দেশের সাধবীগৃহিণীর সঙ্গে মিসেস স্কটের আমি তো বিশেষ পার্থক্য দেখি নাই।’ — এই মন্তব্যের কারণ কী ?

(গ) বাংলা সাহিত্যের ইতিহাসের কালভিত্তিক বিভাজনের সংক্ষিপ্ত বিবরণ দিন।

B.A./B.Sc./B.Com.-11001-Y

[ পরের পৃষ্ঠায় দৃষ্টব্য

QP Code : 18UT157FBG 2

(ঘ) কীভাবে বাংলা ভাষার উদ্ভব ঘটেছে ?

২। যে-কোনো তিনটি প্রশ্নের অনধিক ১৫০ শব্দে উত্তর দিন :

৬ × ৩ = ১৮

(ক) বিলেতে থাকাকালীন ডাক্তার স্কটের পরিবার কেন রবীন্দ্রনাথের মনের মধ্যে ‘চিরপ্রতিষ্ঠিত’ হয়েছিল ?

(খ) বাঙালি শিক্ষাসংস্কৃতিতে ফোর্ট উইলিয়াম কলেজ ও হিন্দু কলেজের গুরুত্ব কতখানি ?

(গ) প্রকৃতি থেকে উদ্ভিদ কীভাবে খাদ্য সংগ্রহ করে ?

(ঘ) নালসো পিঁপড়ের উৎপত্তির পরিচয় দিন।

(ঙ) রক্তের শ্রেণিবিভাগ সম্পর্কে সংক্ষেপে আলোচনা করুন।

(চ) আদিবাসী সম্প্রদায় কীভাবে দেওয়ালি উৎসব পালন করে থাকে ?

৩। যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দিন : ৩ × ৪ = ১২

(ক) ধ্বনি ও বর্ণের মধ্যে পার্থক্য কী ? বাংলা ভাষায় স্বরধ্বনি ও ব্যঞ্জনধ্বনির সংখ্যা কত ?

B.A./B.Sc./B.Com.-11001-Y

3 QP Code : 18UT157FBG

- (খ) বাক্যসংকোচন করুন :
- (অ) যে পুরুষ বিয়ে করেনি
- (আ) নৌ চলাচলের যোগ্য
- (ই) যার উপস্থিত বুদ্ধি আছে।
- (গ) দ্বিতীয় বিশ্বযুদ্ধ ও মন্বন্তর কীভাবে বাঙালির জাতীয় জীবনে সংকট ঘনিষে তুলেছিল ?
- (ঘ) টীকা লিখুন : নারীজাগরণ।
- (ঙ) পিপড়ের শ্রেণিবিভাজন দেখান।
- (চ) অ্যান্টিবডি কী ?
- (ছ) ‘খাওয়াটা যেমন স্কুল, তেমনি গ্রাম্য হয়ে ওঠে।’  
— প্রসঙ্গ নির্দেশ করুন।
- (জ) মালাধর বসু অনূদিত ভাগবত-গ্রন্থের নাম কী ? তিনি ভাগবতের কোন্ কোন্ স্কন্ধের অনুবাদ করেন ? তাঁর উপাধি কী ?